


পপপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর  
মৎস্যবীজ উৎপাদন খামার  
শেরপুর, বগুড়া।  
নিলাম বিজ্ঞপ্তি নং- ০১/২০২৩-২০২৪

খামার ব্যবস্থাপকের কার্যালয়, মৎস্যবীজ উৎপাদন খামার, শেরপুর, বগুড়া এর চত্বরে অবস্থিত পূর্ব পার্শ্বের পুরাতন প্রাচীরের পরিত্যক্ত ইট, এমএস রডসহ (যেখানে যে অবস্থায় আছে) প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে বিক্রয়ের জন্য উপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী দপ্তরের ১/০৮/২০২৩ খ্রি. তারিখের ৩৩.০২.০০০০.৩০৩.৫০.২৪৩.১৪.৪৭৪ নং স্মারকের মাধ্যমে পঠিত প্রাক্কলন কমিটির প্রাক্কলিত দর নির্ধারণ প্রতিবেদন এবং জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, বগুড়া এর ২৪/০৯/২০২৩ খ্রি. তারিখের ৩৩.০২.১০০০.৪০০.৫০.১৬১.১৪-২৮৫ নং স্মারকে ৫ সদস্য বিশিষ্ট নিলাম কমিটি গঠন করা হয়েছে। নিলাম ডাক কমিটির সদস্যগণের উপস্থিতিতে আগামী ০৮ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় খামার ব্যবস্থাপকের কার্যালয়, মৎস্যবীজ উৎপাদন খামার, শেরপুর, বগুড়া এর অফিসকক্ষে নিলাম ডাক অনুষ্ঠিত হবে এবং ঐদিন দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ডাক চলবে। শর্তাবলীঃ

১. নিলাম ডাককারীকে আগামী ০৮/১১/২০২৩ খ্রি. সকাল ১১.০০ ঘটিকার পূর্বে খামার ব্যবস্থাপকের কার্যালয়, মৎস্যবীজ উৎপাদন খামার, শেরপুর, বগুড়া এর অফিসকক্ষে হাজির হয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
২. নিলাম ডাক আরম্ভ হওয়ার সময় অর্থাৎ সকাল ১১.০০ ঘটিকার পূর্বে নিলাম ডাককারীগণকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (ফেরৎযোগ্য) নিলাম ডাক কমিটির নিকট জামানত হিসেবে জমা প্রদান পূর্বক নিলাম কমিটির নিকট নিজ নিজ নাম ও ঠিকানা লিপিবদ্ধ করতে হবে।
৩. নির্ধারিত সময়ের পর কোন ডাককারীর জামানত গ্রহণ করা হবেনা এবং জামানত ব্যতিরেকে কেউ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
৪. নিলাম ডাকে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ উল্লেখিত মালামালগুলি খামার ব্যবস্থাপক এর সহিত যোগাযোগ করে দেখতে পারবেন।
৫. গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে সরকারী বিধিমোতাবেক নিলাম ডাকের মোট অর্থের ১৮% হারে ভ্যাট/আয়করসহ নিলাম ডাকের সমুদয় অর্থ ০৩ (তিন) দিনের মধ্যে সরাসরি সোনালি ব্যাংক লিঃ, শেরপুর, বগুড়া/ খামার ব্যবস্থাপকের কার্যালয়, মৎস্যবীজ উৎপাদন খামার, শেরপুর, বগুড়ার নিকট জমা দিতে হবে।
৬. কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মালামালগুলি, মৎস্যবীজ উৎপাদন খামার, শেরপুর, বগুড়া র হতে অপসারণ করিতে হবে।
৭. মালামালগুলি অপসারণের সময় সরকারী/বেসরকারী কোন সম্পদ বা ভবনাদির ক্ষয়ক্ষতি হলে তাহার দায়-দায়িত্ব গৃহীত সর্বোচ্চ নিলাম ডাককারীকে বহন করিতে হবে।
৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিলাম কমিটি যে কোন নিলাম ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
৯. অনিবার্য কারণবশত নিলাম ডাকের তারিখ ও সময় পরিবর্তন হতে পারে।

  
(সন্তোষ কুমার সরকার)

খামার ব্যবস্থাপক  
মৎস্যবীজ উৎপাদন খামার  
শেরপুর, বগুড়া


fishfarmsherpur@gmail.com

তারিখঃ ০৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং- ৩৩.০২.১০৮৮.৫০২. ২৯.০০১.২০-৭৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১. উপপরিচালক, মৎস্যঅধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০২. জেলা মৎস্য কর্মকর্তা, বগুড়া।
০৩. উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর, বগুড়া।
০৪. অফিসার ইনচার্জ, শেরপুর, বগুড়া।
০৫. নোটিশ বোর্ড।
০৬. অফিস কপি।

  
খামার ব্যবস্থাপক  
মৎস্যবীজ উৎপাদন খামার  
শেরপুর, বগুড়া